

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০২২
আগরতলা, ১ মার্চ, ২০২৪

**গোমতী জেলায় জেলাশাসক ও জেলা আধিকারিকদের সাথে রাজ্যপালের মতবিনিময়
গ্রামীণ অর্থনীতির বিকাশে কৃষি ও কৃষিসংশ্লিষ্ট ক্ষেত্রগুলির
উপর বেশী করে গুরুত্ব দিতে হবে : রাজ্যপাল**



রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিডি নাল্লু আজ উদয়পুরে গোমতী জেলার জেলাশাসক ও সমাহৃতা এবং জেলাস্তরের অফিসারদের সাথে মতবিনিময় করেন। গোমতী জিলা পরিষদের কনফারেন্স হলে আজ দুপুরে অনুষ্ঠিত এই মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন জেলাশাসক ও সমাহৃতা তড়িৎকান্তি চাকমা, জেলার পুলিশ সুপার নমিত পাঠক, বিভিন্ন দপ্তরের জেলাস্তরের আধিকারিকগণ, জেলার বিভিন্ন মহকুমার মহকুমা শাসকগণ এবং বিভিন্ন রাজ্য বিভাগের প্রতিনিধি। রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিডি নাল্লু আজ গোমতী জেলার জেলা সদর উদয়পুরে এসে পৌছালে জেলাশাসক তড়িৎকান্তি চাকমা তাঁকে স্বাগত জানান। উদয়পুর সার্কিট হাউসে রাজ্যপালকে গার্ড অব অনার দেওয়া হয়।

মতবিনিময় সভায় রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিডি নাল্লু গোমতী জেলায় রূপায়িত বিভিন্ন কেন্দ্রীয় ও রাজ্য সরকারের উন্নয়ন প্রকল্পের খোঁজ খবর নেন। সভায় রাজ্যপাল উন্নয়ন কর্মসূচি রূপায়ণে আধিকারিকদের নিয়মিতভাবে পর্যবেক্ষণ করার উপর গুরুত্ব আরোপ করেন। মতবিনিময় সভায় রাজ্যপাল বলেন, প্রবীণ নাগরিক সহ রাজ্যের জনগণ যাতে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের প্রকল্পগুলির সুবিধা যথাযথভাবে পেতে পারেন সেজন্য প্রকল্পগুলির সুফলের কথা তুলে ধরতে হবে। গ্রামীণ অর্থনীতির বিকাশে কৃষি ও কৃষিসংশ্লিষ্ট ক্ষেত্রগুলির উপর বেশী করে গুরুত্ব দিতে হবে। রাজ্যপাল বলেন, কৃষি, প্রাণীসম্পদ বিকাশ ও মৎস্যচাষ গ্রামীণ এলাকার মানুষকে স্বনির্ভর করতে সহায়ক ভূমিকা নিতে সক্ষম। গ্রামীণ এলাকায় বিদ্যুৎ ও পানীয়জলের সুবিধা মতবিনিময় সভায় রাজ্যপাল বলেন, উন্নয়ন কর্মসূচি রূপায়ণের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে হবে।
